সংবাদ

তারিখ 21 JUN 2009
পৃষ্ঠা ১৩ কলাম ৪

# শিক্ষানীতি : উপকমিটির সদস্যরা আজ থেকে মত দেবেন

নিজস্ব বার্তা পরিবেশক

আজ রোববার থেকে নতুন শিক্ষানীতি প্রণয়নের লক্ষ্যে গঠিত বিভিন্ন উপকমিটির সদস্যরা শিক্ষানীতি নিয়ে তাদের মতামত পেশ করবেন। কমিটির সদস্যদের মতামতের ওপর ভিত্তি করে খসড়া শিক্ষানীতি প্রণয়ন করা শিক্ষানীতি : পৃষ্ঠা : ১১ ক : ১

## শিক্ষানীতি : উপকমিটির

(১ম পৃষ্ঠার পর)

হবে। খসড়া শিক্ষানীতির ওপর আগামী ১ জুলাই থেকে শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান (মাধ্যমিক ও উচ্চশিক্ষা বোর্ড, এনসিটিবি, সব শিক্ষা বোর্ড), শিক্ষা সংশ্লিষ্ট বিষয় নিয়ে কাজ করা বিভিন্ন এনজিও, বিভিন্ন শিক্ষক সমিতি এবং গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনার পাশাপাশি শিক্ষাবিদসহ ব্যক্তি পর্যায়েও শিক্ষানীতির বিষয়ে মতামত গ্রহণ শুরু হবে। সবার মতামতের ভিত্তিতে সবার জন্য শিক্ষার সমান সুযোগ সৃষ্টি এবং শিক্ষা গ্রহণের পরবর্তী পর্যায়ে উচ্চশিক্ষা, ভর্তি ও চাকরির সুযোগ বৃদ্ধির লক্ষ্যে একটি আধুনিক ও যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন করা হবে। শিক্ষানীতি প্রণয়ন কমিটি সূত্রে এসব তথ্য জানা গেছে।

সূত্র জানায়, নতুন শিক্ষানীতিতে পর্যায়ক্রমে ৮ম শ্রেণী পর্যন্ত সবার জন্য একমুখী শিক্ষা চালু করার বিষয়ে সব সদস্য একমত হয়েছেন। এরপর শিক্ষার্থীদের আগ্রহ ও সামর্থ্য অনুযায়ী উচ্চশিক্ষা গ্রহণ করতে পারবে। উচ্চশিক্ষার ক্ষেত্রে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিজ্ঞান, মানবিক, ব্যবসা শিক্ষা এবং কারিগরি বিষয়ে শিক্ষা গ্রহণ করা যাবে। এসব পর্যায়ে শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটানো হবে। পরবর্তীতে অধিকতর উচ্চশিক্ষা গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীরা যেন ভর্তির ক্ষেত্রে সমান সুযোগ পায় সেসব বিষয়ও অন্তর্ভুক্ত রাখা হবে নতুন শিক্ষানীতিতে।

সূত্র জানায়, শিক্ষানীতি প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির সদস্যদের প্রাথমিক, মাধ্যমিক, উচ্চশিক্ষা, কারিগরি শিক্ষা, মাদ্রাসা শিক্ষা এবং বিজ্ঞানভিত্তিক শিক্ষা এই ৬ ধরনের শিক্ষা ব্যবস্থার ওপর মতামত প্রদানের জন্য বলা হয়। আজকের বৈঠকে কমিটির সদস্যরা এসব বিষয়ের ওপর তাদের মতামত পেশ করবেন। কমিটির সদস্যদের মতামতের ভিত্তিতে একটি খসড়া শিক্ষানীতি প্রণয়ন করা হবে। পরবর্তীতে এই খসড়া শিক্ষানীতির ওপর ২০টিরও বেশি শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে কাজ করা প্রতিষ্ঠান এবং চারশ'র ওপর শিক্ষানুরাগী ব্যক্তির মতামত ও সুপারিশ গ্রহণ করা হবে। কমিটির সূত্র জানায়, খসড়া শিক্ষানীতির ওপর আলোচনা করার জন্য এ পর্যন্ত ২০টির ওপরে শিক্ষা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং চারশ'র বেশি শিক্ষানুরাগী আবেদন করেছেন। খসড়া শিক্ষানীতির ওপর আলোচনা শেষ হলেই নতুন শিক্ষানীতি সরকারের কাছে জমা দেয়া হবে বলে কমিটি সূত্র জানায়।

'শিক্ষানীতি-২০০০'কে অধিকতর সময়োপযোগী করার লক্ষ্যে সংশোধন করার জন্য সরকার গত ৮ এপ্রিল জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীর নেতৃত্বে ১৬ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হবে। ২।